

## 💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮৪৮

১১/ শিকার প্রসঙ্গে (كتاب الصيد)

পরিচ্ছেদঃ ১০০. শিকার করা প্রসংগে।

باب فِي الصَّيْدِ

## আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمِنْهَالِ الضَّرِيرِ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ، حَدَّثَنَا حَبِيبٌ الْمُعَلِّمُ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، أَنَّ أَعْرَابِيًّا، يُقَالُ لَهُ أَبُو تَعْلَبَةَ قَالَ يَا رَسُولَ اللَّهِ عَمْرِو بْنِ شُعَيْبٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، أَنَّ أَعْرَابِيًّا، يُقَالُ لَهُ أَبُو تَعْلَبَةَ قَالَ يَا رَسُولَ اللَّهِ إِنْ كَانَ لَكَ كِلاَبٌ مُكَلَّبَةٌ فَكُلْ مِمَّا أَمْسَكُنَ عَلَيْكَ ". قَالَ ذَكِيًّا أَوْ غَيْرَ ذَكِيِّ قَالَ " نَعَمْ ". قَالَ فَإِنْ كَلابٌ مُكَلَّبَةٌ فَكُلْ مِمَّا أَمْسَكُنَ عَلَيْكَ ". قَالَ ذَكِيًّا أَوْ غَيْرَ ذَكِيِّ قَالَ " نَعَمْ ". قَالَ فَإِنْ كَانَ لَكَ كَلَابٌ مُكَلَّبَةٌ قَالَ " وَإِنْ أَكَلَ مِنْهُ ". فَقَالَ يَا رَسُولَ اللَّهِ أَفْتِنِي فِي قَوْسِي . قَالَ " كُلْ مَا رَدَّتْ عَنْكَ عَلْكَ قَوْسُكَ ". قَالَ " وَإِنْ تَغَيْبَ عَنْكَ عَلْكَ قَوْسُكَ ". قَالَ " وَإِنْ تَغَيْبَ عَنْكَ عَلْكَ وَلَا يَا رَسُولَ اللَّهِ أَفْتِنِي فِي قَوْسِي . قَالَ " وَإِنْ تَغَيَّبَ عَنْكَ عَلْدَ دَكِيٍّ ". قَالَ أَفْتِنِي فِي آنِيَةِ الْمَجُوسِ إِنِ اضْطُرِرْنَا مَا لَهُ مِنْ لَكُولُ فِيهَا ". مَا لَمْ يَصِلُ أَوْ تَجِدَ فِيهِ أَثَرًا غَيْرَ سَهُمِكَ ". قَالَ أَفْتِنِي فِي آنِيَةِ الْمَجُوسِ إِنِ اضْطُرِرْنَا الْقَالَ " اغْسِلْهَا وَكُلْ فِيهَا ".

## বাংলা

২৮৪৮. মুহাম্মদ ইবন মিনহাল যারীর (রহঃ) .... আবূ ছা'লাবা (রাঃ) থেকে বর্ণিত। একদা তিনি বলেনঃ ইয়া রাসূলাল্লাহ্! আমার কাছে প্রশিক্ষণপ্রাপ্ত শিকারী কুকুর আছে। আপনি আমাকে এর শিকারের হুকুম সম্পর্কে কিছু বলুন। তখন নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যদি তোমার কাছে প্রশিক্ষণপ্রাপ্ত কুকুর থাকে, সে তোমার জন্য যে শিকার আটকিয়ে রাখে, তা তুমি ভক্ষণ করবে।

রাবী আবৃ ছা'লাবা (রাঃ) বলেনঃ তা আমি যবাহ্ করি বা না করি, (খেতে পারব?) তিনি বলেনঃ হ্যাঁ। রাবী বলেনঃ যদি সে কুকুর তা থেকে কিছু খেয়ে ফেলে? তিনি বলেনঃ যদি সে তা থেকে কিছু খেয়ে ফেলে, তবু তা খেতে পার। অতঃপর রাবী জিজ্ঞাসা করেন, ইয়া রাসূলাল্লাহ্! আমার ধনুকের দ্বারা শিকারকৃত জন্তুদের ব্যাপারে আপনার অভিমত কি? তিনি বলেনঃ তুমি তোমার ধনুকের সাহায্যে যে শিকার করবে তা ভক্ষণ কর। তিনি বলেনঃ চাই তা যবাহ্ কর, আর না-ই কর।

রাবী জিজ্ঞাসা করেনঃ যদি (শিকারী জন্তু আঘাতপ্রাপ্ত হওয়ার পর) আমার থেকে পালিয়ে যায়, (তখন হুকুম কি)?



তখন তিনি বলেনঃ যদি তা তীরের আঘাত খাওয়ার পর অদৃশ্য হয়ে যায়, তবে যে পর্যন্ত তা পচে দুর্গন্ধ না হয়, অথবা তোমার তীরের আঘাত ছাড়া অন্য কারো তীরের আঘাত না থাকে, তুমি তা ভক্ষণ করবে।

পরে রাবী [আবূ ছা'লাবা (রাঃ)] আবার জিজ্ঞাসা করেনঃ বিশেষ প্রয়োজনের সময় অন্যটি পাওয়া না গেলে অগ্নি-উপাসকদের থালা-বাসন ব্যবহার সম্পর্কে আপনার অভিমত কি? তিনি বলেনঃ তুমি তা ধুয়ে নিয়ে তাতে খেতে পার।

["সে (কুকুর) তা থেকে কিছু খেয়ে ফেললে" এ কথাটি মুনকার।]

## **English**

Narrated Abdullah ibn Amr ibn al-'As:

There was a bedouin called AbuTha'labah. He said: Messenger of Allah, I have trained dogs, so tell me your opinion about (eating) the animal they hunt. The Prophet (ﷺ) said: If you have trained dogs, then eat what they catch for you. He asked: Whether it is slaughtered or not? He replied: Yes. He asked: Does it apply even if it eats any of it? He replied: Even if it eats any of it. He again asked: Messenger of Allah, tell me your opinion about my bow (i.e. the game hunted by arrow). He said: Eat what your bow returns to you, whether it is slaughtered or not. He asked: If it goes out of my sight? He replied: Even if it goes out of your sight, provided it has no stench, or you find a mark on it other than the mark of your arrow.

He asked: Tell me about the use of the vessels of the Magians when we are forced to use them. He replied: Wash them and eat in them.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'লাবাহ্ আল খুশানী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন